গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
কর্মসংস্থান শাখা

বিষয়: টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর বাস্তবায়ন বিষয়ক সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ফাহমিদা আখতার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৩ নভেম্বর ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতেই সভাপতি এসডিজি বাস্তবায়ন সরকারের একটি জাতীয় অগ্রাধিকার হিসেবে উল্লেখ করে সভার গুরুত্ব তুলে ধরেন। সেহেতু সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়নের বিষয়ে সচেষ্ট থাকার নির্দেশনা প্রদান করেন। তিনি উপস্থিত সকলের সক্রিয় অংশগ্রহণ প্রত্যাশা করেন এবং আলোচনা শুরু করার জন্য মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও এসডিজি বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী-কে অনুরোধ জানান।

০২। এসডিজি বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভার পটভূমি ও উদ্দেশ্য সম্পর্কে সকলকে অবহিত করেন। তিনি উল্লেখ করেন যে, টেকসই উন্নয়ন অভীষ্ট (এসডিজি)-এর আওতায় ১৭টি অভীষ্ট, ১৬৯টি টার্গেট এবং ২৩১টি ইন্ডিকেটর রয়েছে। তিনি জানান, ১৭টি অভীষ্টের মধ্যে ৮নং অভীষ্ট বাস্তবায়নের দায়িত্ব শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের। এসডিজি’র ১৬৯টি টার্গেটের মধ্য থেকে ৩টি টার্গেটের (৮.৫, ৮.৭, ৮.৮) বিষয়ে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় লিড মন্ত্রণালয় হিসেবে কাজ করছে। এ ৩টি টার্গেটের বিপরীতে মোট ৫টি ইন্ডিকেটর (৮.৫.১, ৮.৫.২, ৮.৭.১, ৮.৮.১, ৮.৮.২) রয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের এসডিজি বাস্তবায়নের লক্ষ্যে গঠিত কমিটি দায়িত্ব পালন করছে। তাছাড়া মন্ত্রণালয়ের ৫ জন কর্মকর্তাকে ৫টি ইন্ডিকেটরের বিষয়ে সুনির্দিষ্ট দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৩। সভাপতি মহোদয় ইন্ডিকেটরভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে সংশ্লিষ্ট ইন্ডিকেটর যথাযথভাবে বাস্তবায়ন এবং নির্ধারিত ‘ছক’ অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করাসহ প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ জন্য অনুরোধ জানান। পরবর্তীতে তিনি এসডিজি বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপনের জন্য অনুরোধ জানান। এর প্রেক্ষিতে কলকারাখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তরের প্রতিনিধি জানান, ইন্ডিকেটর ৮.৮.১-এ লিঙ্গ ও অভিবাসনগত অবস্থা ভেদে, পেশাগত কাজে মারাত্মক এবং মারাত্মক নয় এমন আহত হবার ঘটনার হার হ্রাস করার বিষয়টি আমাদের গুরুত্বপূর্ণ কাজ। তাছাড়া এ ইন্ডিকেটরের ডাটা এসডিজি ট্র্যাকারে আপলোড করাও আমাদের দায়িত্ব। এ বিষয়ে অগ্রগতি জানতে চাওয়া হলে, মনোয়ার হোসেন, পরিসংখ্যান ও গবেষণা কর্মকর্তা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর সভাকে অবহিত করেন, ইন্ডিকেটর ৮.৮.১-এর আহত হবার ঘটনার হার হ্রাস করার জন্য কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর হতে প্রতিনিয়ত কারখানা পরিদর্শন করা হচ্ছে। তাছাড়া এ ইন্ডিকেটরে নিয়মিত এসডিজি ট্র্যাকারে আপলোড করা হয়ে থাকে। ইতোমধ্যে ২০২২ সালে নতুন ডাটা আপলোড করা হয়েছে ।

০৪। যুগ্মসচিব (পরিকল্পনা) বেগম মোর্শেদা আক্তার বলেন, গত ১২-০১-২০২১ তারিখ সচিব মহোদয়ের সভাপতিত্বে

অনুষ্ঠিত সভায় এসডিজি বাস্তবায়ন বিষয়ক এবং এসডিজি ট্র্যাকারে ডাটা প্রদান বিষয়ক দিনব্যাপী দুটি কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়। তাছাড়া তিনি আরও বলেন, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার এসডিজি কমিটির প্রয়োজনীয় সংশোধন করা প্রয়োজন।

০৫। সভাপতি মহোদয় বলেন, মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার এসডিজি কমিটির সদস্যবৃন্দ এবং দেশের এসডিজি বাস্তবায়নকারী উর্ধ্বতন কর্মকর্তাদের নিয়ে একটি কর্মশালা আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। কর্মশালা আয়োজনের তারিখ, ভেন্যু, বাজেট, উপকরণ, প্রধান অতিথি, বিশেষ অতিথি, আলোচক, আপ্যায়ন ও অন্যান্য আনুষাঙ্গিক বিষয়াদি আলোচনা করা প্রয়োজন। কর্মশালা বাস্তবায়নের জন্য মন্ত্রণালয়ের যুগ্মসচিব (পরিকল্পনা)-কে আহবায়ক করে নিম্নোক্তভাবে একটি কমিটি গঠন করা যেতে পারে:

| ক্রম | পদবী ও কর্মস্থল | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১ | বেগম মোর্শেদা আক্তার<br>যুগ্মসচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | আহবায়ক |
| ২ | জনাব মোঃ আল-মাসুদ করিম<br>উপসচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | জনাব এস.এইচ.এম. মাগফুরুল হাসান আব্বাসী<br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা), শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | জনাব সুকান্ত বসাক<br>সিস্টেম এনালিস্ট, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৫ | জনাব এ.এস.এম. মেহরাব হোসেন<br>সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য |
| ৬ | জনাব আহমাদ মাসুদ<br>উপ-মহাপরিদর্শক, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর | সদস্য |
| ৭ | মোঃ সোহেল আজিম<br>সহকারী পরিচালক, শ্রম অধিদপ্তর | সদস্য |
| ৮ | জনাব মোঃ আবদুল খালেক<br>সহকারী সচিব, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় | সদস্য-সচিব |


কমিটির কর্মপরিধি:

ক) কর্মশালা আয়োজনের জন্য ভেন্যু নির্ধারণ, প্রেজেন্টশন প্রস্তুত, বাণী প্রণয়ন, বাজেট ও মডিউল প্রণয়ন, অতিথি তালিকা প্রণয়ন ও আমন্ত্রণ এবং খাবারের মেন্যু নির্ধারণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম গ্রহণ;
খ) বিবিধ।

০৬। সভাপতি সংশ্লিষ্ট সকলকে এসডিজি বাস্তবায়ন বিষয়টিকে গুরুত্বসহকারে বিবেচনা করে রিপোর্ট রিটার্ন এবং তথ্য/উপাত্তসমূহ যথাসময়ে প্রেরণের উপর গুরুত্ব আরোপ করেন। শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা-এর ওয়েবসাইটের এসডিজি কর্নারে এসডিজি সংক্রান্ত প্রয়োজনীয় তথ্য-উপাত্ত সঠিকভাবে আপলোড করায় ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিস্তারিত আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রম | সিদ্ধান্ত | দায়িত্ব |
|---|---|---|
| ১. | ইন্ডিকেটরভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ সংশ্লিষ্ট ইন্ডিকেটর যথাযথভাবে বাস্তবায়ন এবং নির্ধারিত 'ছক' অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন প্রণয়ন করে ৩০-১১-২০২৩ তারিখের মধ্যে প্রেরণ করতে হবে। | ইন্ডিকেটরভিত্তিক দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণ, কর্মসংস্থান শাখা; শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ২. | শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়সহ অধীনস্থ অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের গুরুত্বপূর্ণ ডকুমেন্টস এসডিজি কর্ণারে নিয়মিত আপলোড করতে হবে। | কর্মসংস্থান শাখা, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহ |
| ৩. | কর্মশালা বাস্তবায়নের জন্য উপরোক্তভাবে প্রস্তাবিত কমিটি গঠন করা হলো। | কর্মসংস্থান শাখা |
| ৪. | এসডিজি বাস্তবায়ন বিষয়ক দিনব্যাপি একটি কর্মশালা দ্রুত আয়োজন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | এতদ্‌বিষয়ে গঠিতব্য কমিটি |
| ৫. | কমিটির পরবর্তী সভা ডিসেম্বর মাসে আহবান করতে হবে। | কর্মসংস্থান শাখা<br>শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৭। আর কোন আলোচনা না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



ফাহমিদা আখতার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৪০.০০.০০০০.০৩৫.১৬.০০৯.২১.৫০

তারিখ: ১৪ অগ্রহায়ণ ১৪৩০
২৯ নভেম্বর ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মহাপরিচালক, শ্রম অধিদপ্তর
২) মহাপরিদর্শক (অতিরিক্ত সচিব), মহাপরিদর্শকের দপ্তর, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
৩) চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, নিম্নতম মজুরী বোর্ড
৪) মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফাউন্ডেশন
৫) মহাপরিচালক, কেন্দ্রীয় তহবিল
৬) যুগ্মসচিব, পরিকল্পনা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৭) যুগ্মসচিব, আর্ন্তজাতিক সংস্থা অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৮) উপসচিব, শ্রম শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
৯) উপসচিব, সংস্থাপন-১ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১০) উপসচিব, মজুরী বোর্ড শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), রপ্তানীমূখী শিল্প অধিশাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১২) প্রতিমন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সদয় অবগতির জন্য)
১৩) সিনিয়র সহকারী সচিব, আর্ন্তজাতিক সংস্থা শাখা-১, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৪) সিনিয়র সহকারী সচিব, পরিকল্পনা-৪ শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৫) সচিব মহোদয়ের একান্ত সচিব , সচিবের দপ্তর, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
১৬) সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
১৭) সহকারী সচিব, সমন্বয় শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

১৮) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার , আইসিটি সেল, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (এসডিজি কর্নারে আপলোড অনুরোধসহ)

১৯) উপমহাপরিদর্শক, অর্থ ও হিসাব শাখা, কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর

২০) সহকারী সচিব, কর্মসংস্থান শাখা, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়

২১) সহকারী পরিচালক , প্রশিক্ষণ শাখা , শ্রম অধিদপ্তর

২২) ব্যক্তিগত কর্মকর্তা, উন্নয়ন অনুবিভাগ, শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব, উন্নয়ন মহোদয়ের সদয় অবগতির জন্য)

মোঃ আবদুল খালেক
সহকারী সচিব